তারিখ ... 05 APR 2016 ...
পৃষ্ঠা ... 6 ... কলাম ... 6 ...

সমকাল

# মোহিত কামালের 'উড়াল বালক' স্কলাস্টিকার পাঠ্যসূচিতে

সমকাল প্রতিবেদক

কথাসাহিত্যিক ও মনোরোগ বিশেষজ্ঞ অধ্যাপক ডা. মোহিত কামাল রচিত কিশোর উপন্যাস 'উড়াল বালক' রাজধানীর খ্যাতনামা শিক্ষা প্রতিষ্ঠান স্কলাস্টিকা স্কুলের সপ্তম শ্রেণীর পাঠ্যসূচিতে অন্তর্ভুক্ত করা হয়েছে। বইটির আনুষ্ঠানিক হস্তান্তর উপলক্ষে গতকাল সোমবার স্কলাস্টিকা স্কুলে এক অনুষ্ঠানের আয়োজন করা হয়।

স্কুলের অধ্যক্ষ ব্রিগেডিয়ার জেনারেল (অব.) কায়সার আহমেদের সভাপতিত্বে অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন নাট্যব্যক্তিত্ব রামেন্দু মজুমদার। বিশেষ অতিথি ছিলেন উপন্যাসটির লেখক ডা. মোহিত কামাল।

প্রতিটি ইংরেজি মাধ্যম স্কুলে বাংলা পৃষ্ঠা ৪ : কলাম ৫

## মোহিত কামালের

[তৃতীয় পৃষ্ঠার পর]

সাহিত্য পড়ানোর আহ্বান জানিয়ে রামেন্দু মজুমদার বলেন, শিক্ষক, অভিভাবকসহ সংশ্লিষ্ট সবার কাছে অনুরোধ থাকবে- দেশের ঐতিহ্য, সংস্কৃতি ও ভাষার সঙ্গে শিক্ষার্থীদের পরিচয় করানো এবং প্রমিত বাংলা উচ্চারণের প্রতি যেন সবাই জোর দেন।

অধ্যাপক ডা. মোহিত কামাল 'উড়াল বালক' বইটি পাঠ্যসূচিতে অন্তর্ভুক্ত করার জন্য স্কুল কর্তৃপক্ষকে ধন্যবাদ জানান।

স্কলাস্টিকা স্কুলের উত্তরা ও মিরপুর শাখায় লাইব্রেরির জন্য মোহিত কামালের বই 'দুখু', 'বন্ধু আমার বন্ধু', 'টিন এজ মন', 'স্বর্ণজয়ী নীল চোখ', 'জাদুর বাক্সে সোনার মোহর'সহ কয়েকটি বই দেওয়া হয়। অনুষ্ঠানে অন্যদের মধ্যে স্কুলের জ্যেষ্ঠ উপাধ্যক্ষ, একাডেমিক অ্যাফেয়ার্স সাবিনা মুস্তফা, জ্যেষ্ঠ উপাধ্যক্ষ, স্টুডেন্ট অ্যাফেয়ার্স নুরুন্নাহার মজুমদার, প্রকাশনী সংস্থা অনিন্দ্য প্রকাশের স্বত্বাধিকারী আফজাল হোসেন প্রমুখ উপস্থিত ছিলেন।